দৈনিক বাংলা

তারিখ ... 09 DEC 1996
পৃষ্ঠা ... ৩০ কলাম ... ৫

09

# দেশে শিক্ষার মানও বাড়েনি, হারও বাড়েনি ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষা, বিজ্ঞান ও কারিগরি মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের মন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেছেন, সমাজের চাহিদা অনুযায়ী প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি উপআনুষ্ঠানিক শিক্ষার প্রতি গুরুত্ব দিতে হবে। তিনি বলেন, সার্বজনীন শিক্ষা কর্মসূচীর সফলতার জন্যে উপআনুষ্ঠানিক শিক্ষা পদ্ধতি এ দেশের জন্যে একটি কার্যকর কর্মসূচী।

শিক্ষামন্ত্রী শনিবার ঢাকায় উপআনুষ্ঠানিক শিক্ষা প্রকল্পের 'সাক্ষরতা উন্নয়নের চ্যালেঞ্জ' শীর্ষক তিনদিনব্যাপী এক কর্মশালার উদ্বোধন করছিলেন। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ আয়োজিত এই কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব সৈয়দ আমিরুল মুলক, এশীয় উন্নয়ন ব্যাংকের আবাসিক প্রতিনিধি ভানুফুল হোরানগুরা (Bhanuphol Horangura), বিশ্বব্যাংকের শিক্ষা প্রধান ওয়াইজ সাদাত এবং উপআনুষ্ঠানিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক খন্দকার শহীদুল ইসলাম।

জনাব সাদেক বলেন, দীর্ঘদিন ধরে এদেশে লক্ষ্যহীন শিক্ষা [illegible] চলে আসছে। বঙ্গব[illegible] আমলের [illegible]-খুদা শিক্ষা কমিশনের [illegible]রিশের আলোকে গত একুশ বছর শিক্ষা ব্যবস্থা চালিত হলে বর্তমান বাংলাদেশ বিশ্বের অন্যতম সাক্ষর দেশে পরিণত হত।

শিক্ষামন্ত্রী দুঃখ করে বলেন, সময় ও যুগের বিচারে দেশের শিক্ষার গুণগত মান যেমন বাড়েনি, তেমনি এর আশানুরূপ হারও বাড়েনি। তিনি বলেন, সাংবিধানিকভাবে দেশের সকল নাগরিকের জন্য শিক্ষা নিশ্চিত করা রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব। মন্ত্রী বলেন, বর্তমান [illegible] [illegible]গণের সরকার এবং এই [illegible]